রহস্যময় রোগে মাত্র কয়েক দিনেই মারা যাবে কোটি মানুষ!

পৃথিবীর বিভিন্ন প্রান্তে হানা দিতে পারে রহস্যময় এক মারণ রোগ। যার ফলে কয়েক দিনের মধ্যেই আক্রান্তের সংখ্যা কয়েক কোটি হতে পারে। মাত্র কয়েক দিনের মধ্যে এটি কেড়ে নিতে পারে কোটি মানুষের প্রাণ। আর এমন মহামারি মোকাবিলায় বর্তমান বিশ্বের চিকিৎসা ব্যবস্থা প্রস্তুত নয়।

ভয়ানক এ খবর শোনাচ্ছে বিশ্বের অন্যতম স্বাস্থ্যবিষয়ক সংস্থা গ্লোবাল প্রিপেয়ার্ডনেস মনিটরিং বোর্ড (জিপিএমবি)।
রোগটি স্প্যানিশ ফ্লু জাতীয়। ১৯১৮ সালে একবার পৃথিবীতে দাপট দেখিয়েছিল এই রোগ। যাতে চার-পাঁচদিনে রোগটি মহামারির আকার নিয়েছিল। এবারেও ধারণা করা হচ্ছে, সারা বিশ্বে মহামারির আকার নিতে মাত্র কয়েকদিন সময় নেবে এই ফ্লু। পাশ্চাত্যের বিভিন্ন গণমাধ্যম এরই মধ্যে এ নিয়ে সংবাদ প্রকাশ করেছে। এসব খবরে বলা হয়েছে, এবারেও এই রোগে মৃতের সংখ্যা কয়েক কোটি হতে পারে।

১৫ সদস্যের মনিটরিং বোর্ডের পক্ষ থেকে এক বিবৃতিতে বলা হয়, দীর্ঘ দিন ধরে বিশ্বনেতাদের কাছে স্বাস্থ্য খাতের জরুরি অবস্থা অবহেলা-অবজ্ঞার বিষয় হিসেবেই রয়ে গেছে। নরওয়ের সাবেক প্রধানমন্ত্রী হারলেম ব্রান্ডটল্যান্ড ও আন্তর্জাতিক রেড ক্রস অ্যান্ড রেড ক্রিসেন্ট সোসাইটিসের মহাসচিব এলহাদজ অ্যাস সাই দুজনেই মনিটরিং বোর্ডের কো-চেয়ার হিসেবে রয়েছেন।

যেকোনও ফ্লু জাতীয় রোগে আক্রান্তের শরীরের রোগ প্রতিরোধ ক্ষমতা কমে যায় এবং আক্রান্ত ব্যক্তির শরীরের শ্বেত রক্তকণিকা কমে যায়। আর এই রোগের ক্ষেত্রে শ্বেত রক্তকণিকার পরিমাণ হঠাৎ বেড়ে যাবে, যার ফলে পুরো শরীরের ভারসাম্য নষ্ট হবে।

২০১৪ থেকে ২০১৬ সালে যেমন আফ্রিকায় ইবোলা মহামারির আকার নিয়েছিল, ঠিক তেমনিই এবারেও এই ফ্লু মহামারির আকার নিতে যাচ্ছে বলে ধারণা করা হচ্ছে। এ রোগকে এখন ডিজিস এক্স নামে ডাকা হচ্ছে।

উত্তর আমেরিকা, দক্ষিণ আমেরিকা, ইউরোপ, মধ্যপ্রাচ্য, ভারতসহ পূর্ব এশিয়া সর্বত্রই কমবেশি এই রোগ বিস্তার লাভ শুরু করে দিয়েছে বলে দাবি করেছে সংস্থাটি। এ বছরের শুরুতেই বিশ্ব

স্বাস্থ্য সংস্থা জানিয়েছিল, এ বছর পৃথিবীতে মহামারি হতে পারে।